# ব্রাজিলের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

10ই    সেপ্টেম্বর, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১০ই সেপ্টেম্বর, ২০২৩ এ নয়াদিল্লিতে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে ব্রাজিলের রাষ্ট্রপতি শ্রী লুইজ ইনাসিও লুলা দা সিলভার সঙ্গে সাক্ষাৎ করেন।

রাষ্ট্রপতি লুলা ভারতের জি-২০ প্রেসিডেন্সির সাফল্যের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রী আগামী বছর ব্রাজিলের জি-২০ সম্মেলনের জন্য শুভেচ্ছা জানান এবং ভারতের পূর্ণ সমর্থনের আশ্বাস দেন।

জৈব জ্বালানি, ফার্মাসিউটিক্যালস, কৃষিভিত্তিক শিল্প, মহাকাশ ও বিমান চলাচলসহ ভারত-ব্রাজিল কৌশলগত অংশীদারিত্বকে আরও জোরদার করার উপায় নিয়ে আলোচনা হয়।

বৈঠক শেষে একটি যৌথ বিবৃতি জারি করা হয়।

**নয়া দিল্লি**
**10ই সেপ্টেম্বর, 2023**